রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হাঁচি দিতেন, তখন তিনি তাঁর হাত অথবা কাপড় মুখের উপরে রাখতেন এবং তিনি তাঁর আওয়াজকে নিচু অথবা নমনীয় করতেন।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম যখন হাঁচি দিতেন, তখন তিনি তাঁর হাত অথবা কাপড় মুখের উপরে রাখতেন
এবং তিনি তাঁর আওয়াজকে নিচু অথবা নমনীয় করতেন।
[সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হাঁচি দিতেন, তখন: প্রথমত: তাঁর হাত অথবা কাপড় মুখের উপরে দিতেন; যাতে তার মুখ অথবা নাক থেকে এমন কোন কিছু বের না হয়, যা পাশে থাকা ব্যক্তিকে কষ্ট দেয়। দ্বিতীয়ত: তিনি তাঁর আওয়াজকে উঁচু না করে নিচু করতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3317